

য

ঃ

বা

দ

ডিসেম্বর-জানুয়ারি ২০১৫-২০১৬

BOOK POST PRINTED MATTER

প রি ষে বা

কৃষি, স্বাস্থ্য, পরিবেশ ও বাস্তুবিদ্যা বিষয়ক এই তথ্য-মাসিক কোনো সংবাদপত্র নয়, বরং সংবাদ বিনিময়-পত্র। এই বিনিময়-প্রয়াসে যুক্ত বাংলা-আসাম-ত্রিপুরা-বাংলাদেশ সহ বঙ্গভাষী বৃত্তের বিবিধ আঞ্চলিক সংবাদ-সাময়িকী।

কুবাতাস

২১/৭৩

হাওয়া বাতাসে কার্বন-ডাই-অক্সাইড খুব বেড়েছে। ২০১৫ সালের শুরুতেই এর পরিমাণ ছিল ৪০০ পার্টস পার মিলিয়ান। হিসেব করলে দেখতে পাচ্ছি, এই বৃদ্ধির হারটা শিল্পযুগের আগের চেয়ে ৪৩ শতাংশ বেশি। বিশ্ব হাওয়া অফিস এইসব মাপজোক করে বের করেছে। আবার বিলেতের হাওয়া অফিস বলছে বাতাসে সব মিলিয়ে ০.০৪ শতাংশ কার্বন-ডাই-অক্সাইড বাড়়া এমন কিছু না। কিন্তু তার থেকে গরম যে বাড়়ছে যথেষ্ট সেইটাই কথা।

ওয়ার্ল্ড মিটিয়রলজিক্যাল অর্গানাইজেশন এর আমরা মানে করেছি বিশ্ব হাওয়া অফিস। কাজটা হয়েছে ওই অফিসের গ্লোবাল অ্যাটমোসফেরিক ওয়াচ প্রোগ্রাম প্রয়াস থেকে।

ভুটান

২১/৭৪

ভুটান রাস্তায় পিচ করতে প্লাস্টিক আবর্জনা ও ফেলে দেওয়া প্লাস্টিক বোতল কাজে লাগাচ্ছে। ভুটান ভারত থেকে বিটুমেন আমদানি ৪০ শতাংশ কমাতে বলে ঠিক করেছে। আবার ওইদিকে খানা ভারতেও কমাতে ৩০ থেকে ৪০ শতাংশ। যদিও এখন অর্ধি ওই কাজের জন্য খালি ১০ থেকে ১৫ শতাংশ প্লাস্টিক ব্যবহার করা গেছে। তবে এই প্রকল্পটায় ৭,৮০,০০০ মানুষের দেশে ভুটানের সমস্ত প্লাস্টিক আবর্জনা পুরোটাই ভবিষ্যতে এই কাজে ব্যবহার করা যাবে বলে আশা করা হচ্ছে। এই প্রকল্পটার নাম হয়েছে গ্রিন রোড পাবলিক প্রাইভেট প্রজেক্ট।

Fish - ইশ্...

২১/৭৫

ইউরোপের মিষ্টি জলের নদীগুলোতে একেবারে যাচ্ছে তাই অবস্থা। ওইসব নদীতে অনেক শত্রু মাছ এসে ঢুকেছে। একটা সমীক্ষা থেকে এইসব পাওয়া গেছে। এইসব মাছ নদীতে ঢুকেছে জার্মানি, ইংল্যান্ড আর ইটালি থেকে। ওখানকার জয়েন্ট রিসার্চ সেন্টার-এর গবেষকরা এইবার ওইসব আটকাতে কড়া নজরদারি চালু করার জন্য আবেদন করেছে।

কেমব্রিজ জলে

২১/৭৬

ব্যবহার করা জলকে পুনর্ব্যবহারের উপযুক্ত করতে কেমব্রিজ বিশ্ববিদ্যালয় একটা উদ্যোগ শুরু করেছে। এর পেছনে আছে পানীয় জল বাঁচানোর উদ্দেশ্য। এই উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একটা কোম্পানির চুক্তি হয়েছে। চুক্তি অনুযায়ী বিশ্ববিদ্যালয় চত্বরে

১৫০ হেক্টরের একটা জায়গায় দুটো যন্ত্রের বড়সড় ইমারত বানানো হয়েছে। যার একটার জল কাপড় কাচা, বাগানে জল দেওয়া ও শৌচকার্যে ব্যবহার করা হয়, আর অন্যটার জল খাওয়া, স্নান আর রান্নায় লাগানো হয়। এই প্রকল্পটা ইংল্যান্ডে জল পুনর্ব্যবহারের এখন অর্ধ সবচেয়ে বড় উদ্যোগ। যার ওপর ওইখানে ৩০০০ বাড়ি, ২০০০ স্নাতকোত্তর ছাত্রাবাস, একটা সুপার মার্কেট, হোটেল ও প্রাথমিক বিদ্যালয় নির্ভর করে আছে।

ব্যাঙ খাচ্ছেন কেন ?

২১/৭৭

দেশের নীলচে-লাল রঙের একটা ব্যাঙের জাত আস্তে আস্তে কমে যাচ্ছে। এই ব্যাঙটা আছে পশ্চিমঘাট পর্বতমালার দক্ষিণ দিকটায়, সে দিকটায় কেরলের ইদুক্কি পড়ে। এই ইদুক্কিতে আছে ইদুক্কি ওয়াইল্ড লাইফ স্যাক্চুরারি। ব্যাঙগুলো থাকে বিশেষ করে এখানেই। এই ইদুক্কিতেই একটা জনজাতি গ্রাম আছে। এই ব্যাঙগুলোর ব্যাঙাটিকে এই জনজাতির ধরে ধরে খায়। ধরে ধরে খেতে খেতে ব্যাঙ অনেক কমে এসেছে। এই জনজাতির এইখানে সব মিলিয়ে থাকে একশো থেকে দেড়শো ঘর। একটা হিসেবে করে দেখা গেছে যদি এই এক একটা ঘরে চারজন করে হয়, তবে ঘর পিছু মরশুমে এই জনজাতির ব্যাঙাটি খেয়েছে দেড় হাজার করে। এই ব্যাঙ নিয়ে এইজন্য একটা সমীক্ষা করা হয়েছে গত ২০০৮ থেকে ২০১৩। সমীক্ষাটা বেরিয়েছে সালামানড্রা পত্রিকায়।

ক ফিন

২১/৭৮

ফিনল্যান্ডে একটা পারমাণবিক চুল্লির বর্জ্য রাখার জায়গা করা হয়েছে। এইরকম চুল্লিতে পৃথিবীতে এইটা প্রথম। এই জায়গাটা হবে ফিনল্যান্ডের ওলকিলুওটো দ্বীপে মাটির নীচে। যার ভেতর ৬.৫০০ টন ইউরেনিয়াম জমা রাখা যাবে। এই জমা করার কাজটা শুরু হবে ২০২৩ সালে। এইজন্য খরচ হবে এক বিলিয়ন ইউরো আর ১০০ বছরের তদারকির সম্ভাব্য খরচ ৩৫ বিলিয়ন ইউরো।

অ সুখসাগর

২১/৭৯

সাদার্ন ওশান-এর অবস্থা খুব খারাপ হচ্ছে। এমনিতে এই ওশানটার জলে একটা অ্যাসিড-অ্যাসিড ভাব ছিল, কিন্তু এইবার একেবারে জলটা অ্যাসিড হয়ে যাচ্ছে। এই ওশানটা কুমেরুর কাছে। এর কারণ হল সাদার্ন ওশানে অনেকটা পরিমাণে কার্বন-ডাই-অক্সাইড মিশে জলে অ্যাসিড বাড়ায় এই সাগরে শামুকজাতীয় প্রাণীর বাঁচা মুশকিল হয়ে গেছে। তারা ভবিষ্যতে মনে হয় শক্ত খোলসটা বানাতে পারবে না। ২০৩০-এর পর এই সাগরে তাদের আর অস্তিত্ব থাকবে না। আবার আমাদের খাদ্য শেকলে এই জীবদের লাগবেই। একটা গবেষণা বেরিয়েছে এই নিয়ে নেচার ক্লাইমেট চেঞ্জ-এ। তার থেকেই এই অংশটা এখানে দিলাম।

এভারেস্ট-ও গলছে

২১/৮০

উষ্ণায়নের হাত থেকে রেহাই নেই মাউন্ট এভারেস্টেরও। উষ্ণ হতে শুরু করেছে পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গ। সংকুচিত হচ্ছে এভারেস্টের হিমবাহ। চাইনিজ অ্যাকাডেমি অফ সায়েন্সেস এবং হিউম্যান ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজির গবেষণায় এমনই তথ্য উঠে এসেছে। এই তথ্য যে অমূলক নয়, সেকথা মাউন্ট কোমোলাংমা স্নো লেপার্ড কনজারভেশন সেন্টারও স্বীকার করে নিয়েছে।

উষ্ণতম ২০১৫

২১/৮১

রাষ্ট্রসংঘের বিশ্ব আবহাওয়া সংস্থা জানিয়ে দিল, ২০১৫ ‘উষ্ণতম’। সেক্ষেত্রে অবশ্য ভাঙলো মাত্র এক বছর আগে গড়া রেকর্ড। এ পর্যন্ত পৃথিবীর ‘উষ্ণতম’ বছর হিসেবে ধরা হয় ২০১৪ সালকে। ২০১১-২০১৫-এই সময়কালকে ‘উষ্ণতম পাঁচ বছর’ বলেও অভিহিত করেছে বিশ্ব আবহাওয়া সংস্থা।

গরমে হত ২০০০

২১/৮২

২০১৫ সালের গ্রীষ্মের তীব্র গরম হাজার দুয়েক প্রাণ কেড়েছে ভারতে। মে, জুন মাসে উত্তর ভারতে গড়ে ৪২ ডিগ্রি করে তাপমাত্রা ছিল প্রতিদিন। তাপমাত্রা পার করেছিল ৪৭-৪৮ ডিগ্রিও। একই ছবি দেখা গিয়েছিল পাকিস্তানেও। বর্ষা দেরিতে আসায় বিপদ আরও বাড়ে। তাপপ্রবাহের হাত থেকে ছাড় পায়নি ইউরোপ, মধ্য আফ্রিকা, পূর্ব-মধ্য এশিয়ার বিস্তীর্ণ অংশও। এর পিছনে যতটা দায়ী এল

নেনো, ততটাই দায়ী বায়ুমণ্ডলে রয়ে যাওয়া গ্রিনহাউস গ্যাস। একথা জানিয়েছে রাষ্ট্রসংঘের বিশ্ব আবহাওয়া সংস্থা।

সৌরশক্তিতে চলবে বিমানবন্দর

২১/৮৩

সৌরশক্তিতে বিমান চলার খবর আগেই পাওয়া গেছে। সেই বিমান এখন বিশ্ব পাড়ি দিচ্ছে। এবার আস্ত একটা বিমানবন্দর সৌরশক্তিতে চালানোর উদ্যোগ নেওয়া হয়েছে। ভারতের কোচি আন্তর্জাতিক বিমানবন্দরকে সৌরশক্তি দিয়ে চালানোর জন্য কাজ শুরু করেছে ওই বিমানবন্দর কর্তৃপক্ষ। ভারতে এটিই হবে সম্পূর্ণ সৌরশক্তিতে চালিত প্রথম বিমানবন্দর। এমন বলেছেন বিমানবন্দরের ম্যানেজিং ডিরেক্টর ডি জে কুরিয়েন।

সৌরশক্তিতে সেচ বাংলাদেশ

২১/৮৪

চামির মুখে হাসি ফোটাতে পেরেছে সোলার প্লান্ট। যেখানে নেই কোনো বিদ্যুৎ বিভ্রাটের শঙ্কা আর চড়া বিল মেটানে। সৌরশক্তিকে কাজে লাগিয়ে সেচ-কাজ চালাতে পেরে এখন চামির জীবনে এসেছে ছন্দ। শুধু তাই নয়, বিঘাপ্রতি সেচ খরচ কমেছে দুই থেকে আড়াই হাজার টাকা।

কুষ্টিয়ার মিরপুরের চামিরা এখন সৌরশক্তি নির্ভর সেচ প্রযুক্তির দিকে ছুটছেন। বিদ্যুৎ চালিত পাম্পে যেখানে বিঘাপ্রতি সেচের জন্য লাগত ৪ হাজার টাকা অন্দি। সেখানে সৌর পাম্পে লাগছে ২ থেকে আড়াই হাজার টাকা। ফলে তারা এখন বেজায় খুশি। বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় রহিম আফরোজ ফাউন্ডেশন ও আরডিএফ সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম এই কাজ করছে।

বরফ বাড়ছে আন্টার্কটিকায়

২১/৮৫

জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে এই সুখবর দিল নাসা। বরফ বাড়ছে আন্টার্কটিকায়। যদিও এখনও খুশি হওয়ার মতো পর্যায়ে তাপমাত্রা পৌঁছায়নি বলে সতর্কবার্তাও দেওয়া হয়েছে। যখন সব রিপোর্টে উল্লেখ করা হচ্ছে যে উষ্ণায়নের জেরে বরফ গলে যাচ্ছে আন্টার্কটিকায়। কিন্তু, সেইসব রিপোর্টকে মিথ্যা প্রমাণ করে নয়া এই রিপোর্ট দিল নাসা। এই রিপোর্ট অনুযায়ী ১৯৯২ থেকে ২০০১ পর্যন্ত নতুন করে বরফ জমেছে ১১২ বিলিয়ন টন। অর্থাৎ কমে যাচ্ছে না বরফের পরিমাণ। এই আশ্বাসবাণীই দেওয়া হয়েছে।

পেঙ্গুইন বাড়ছে

২১/৮৬

আন্টার্কটিকার বাসিন্দারা কিন্তু দিব্যি নিজেদের সংখ্যা বাড়িয়ে চলেছে। নাসার সাম্প্রতিক সমীক্ষায় প্রকাশ, গত দশ বছরে পেঙ্গুইনের সংখ্যা ৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আন্টার্কটিকার আবহাওয়া পেঙ্গুইনের পক্ষে সবচেয়ে উপযোগী। নাসার বিশেষজ্ঞরা বলছেন, আগের থেকে পেঙ্গুইন কলোনির সংখ্যাও বেড়েছে। আর তাদের গড় আয়ু বেড়েছে সামান্য হলেও।

পাটভাঙা

২১/৮৭

পাট দিয়ে এইবার স্যানিটারি ন্যাপকিন বানিয়েছে ভারতের বিজ্ঞানীরা। ভারতীয় বিজ্ঞানী বলতে ভারতের পাট পরদ আর আই আই টি খড়াপুরের বিজ্ঞানীরা। এই ন্যাপকিনটা ব্যবহার করলে মেয়েদের জরায়ুর মুখে ক্যানসার হওয়া কমবে। এই ন্যাপকিনটা বানানো হয় পাটের থেকে পাওয়া সেলুলোজ থেকে। ঋতুস্রাবের সময় জরায়ুতে ক্যানসারের সম্ভাবনা থাকে, বিজ্ঞানীরা বলছেন এই ন্যাপকিনটা থেকে সেই ভয় একেবারে নেই। আগে এই ন্যাপকিন তৈরি হত আমদানি করা তুলো বা কাঠের থেকে পাওয়া সেলুলোজ থেকে। যার গায়ে লেগে থাকা ইস্ট থেকে শরীরে সংক্রমণ হত। এখন আর সেইসব হবে না। পাট দিয়ে ন্যাপকিন বানালে একদিকে পাটশিল্প বাঁচল আর অন্যদিকে পরিবেশ-বান্ধব একটা জিনিসও হল।

ভেলা নিয়ে খেলা ?

২১/৮৮

উত্তরাখন্ডে নদীতে ভেলা চালানোর খেলা আর মনে হয় করা যাবে না। ভেলা যারা বানাচ্ছে তারা নাকি নদীর পাশে ও নদীতে জঞ্জাল ফেলছে, ক্যাম্প বানাতে গিয়ে তারা নাকি নদীর পাশে ও নদীতে জঞ্জাল ফেলছে, ক্যাম্পগুলোর মলমূত্র ত্যাগের ব্যবস্থাও ভালো না, ফলে নদীতে গিয়ে মলমূত্র মিশছে। এইসব নিয়ে ন্যাশনাল গ্রিন ট্রাইবিউন্যাল-এ মামলা করেছে উত্তরপ্রদেশের সোস্যাল অ্যাকশন

ফর ফরেস্ট অ্যান্ড এনভায়রনমেন্ট নামের সংস্থা। এই নিয়ে দুই তরফের চাপানউতোর চলছে। এখনো কোনো সুরাহা হয়নি।

অত সোজা না

২১/৮৯

উত্তরাখণ্ডে সোমেশ্বর উপত্যকায় একটা সিমেন্ট কারখানা বন্ধ করা নিয়ে জোরদার লড়াই শুরু হয়েছে। এই সোমেশ্বর উপত্যকা উত্তরাখণ্ডের আলমোড়া জেলার কোশি নদীর পাড়ে। এই উপত্যকাটা খুব উর্বর, চাষবাস ভালো হয়, অনেক পরিমাণে ফসল হয়। সিমেন্ট কারখানা হলে ফলনের একেবারে সর্বনাশ হবে। ধান জমি সব লোপাট হবে। সিমেন্ট কারখানা থেকে বেরোনো সালফার-ডাই-অক্সাইড, নাইট্রোজেন-ডাই-অক্সাইড, কার্বন মনোক্সাইড আর ওজোনে বাতাস ভয়ানক দূষিত হবে। সিমেন্ট কারখানা হলে খতিগ্রস্থ হবে সোমেশ্বর উপত্যকার আশপাশের ছয়টা গ্রাম। এই নিয়ে রোজ এখন ওখানে মিছিল জমায়েত হচ্ছে। মিছিল-জমায়েত করছে উত্তরাখণ্ড নদী বাঁচাও আন্দোলন, হেসকো স্বেচ্ছাসেবী সংগঠনসহ আশপাশের গ্রামবাসীরা।

ক্যাপি টা ১১১ ল

২১/৯০

বায়ু দূষিত হয়ে যাওয়ার ফলে দিল্লিতে বছরে ১০ হাজার থেকেও ৩০ হাজার করে মানুষ মরছে। আর বায়ু দূষণ নাকি ভারতে মানুষ মরার পঞ্চম কারণ। এইরকম একটা রিপোর্ট বার করেছে সিএসই। যার নাম ‘বডি বার্ডেন ২০১৫’ স্টেট অব ইন্ডিয়ান হেলথ। এই রিপোর্টটায় জলবায়ু বদলের ফলে প্রাকৃতিক দুর্যোগ বাড়ার কথাও বলা হয়েছে। রিপোর্টটা পরিবেশের স্বাস্থ্যহানি নিয়ে বেশ জোর দিয়ে বিচার করা হয়েছে।

ন তু ন | ব ই

পাঁচ সবজি বীজের কুলুজি। পাঁচে পঞ্চবাণ। পাতা থেকে পাতায়, পাঁচ সবজির ২৭ জাত। ৪ শাক, ৫ লংকা, ৫ কুমড়ো, ৬ শিম ও ৭ বেগুন। এক-একটা পাতা ধরে এক-একটা সবজি, ইংরেজি ও বাংলা দুই ভাষায়। সবজি ধরে ধরে বোনার সময়-পদ্ধতি, বীজ ও উৎপাদনের হার, সহায়ক্ষমতা ও ফসল তোলার সময় একেবারে বিস্তারিত। শেষ পাতায় আবার এইসব বীজ পাওয়ার হালহাদিস।

দেশজ বীজ পুস্তকমালার ধারাবাহিক প্রকাশনায় এটি প্রথম বই।

৭/৪.২ সাইজ ॥ সিনরমাস আর্ট পেপার ॥ ২৮ পাতা ॥ ৪০ টাকা



২৪৪২ ৭৩১১ ॥ ২৪৪১ ১৬৪৬ ॥ ২৪৭৩ ৪৩৬৪